



220469 - যাকৈ এক বস্তু চাল হাদিয়া দওয়া হয়েছে সটো থেকে কিতরা পরশিোধ করা যাবে?

প্রশ্ন

এক লোক আমাকে বড় এক বস্তু চাল হাদিয়া দিয়েছে; যা আমার প্রয়োজনের চয়ে বশে। আমি কিসটো থেকে আমার নিজরে ও আমার ছলেদেরে ফিতরা পরশিোধ করতে পারব? উল্লেখ্য, আমি নিজ সম্পদ থেকে ফিতরা কনোর সামর্থ্য রাখি।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

যে চালরে বস্তু আপনি হাদিয়া হিসেবে পয়েছেন সটো থেকে আপনার ফিতরা ও আপনার ছলেদেরে ফিতরা পরশিোধ করতে কোন অসুবিধা নেই। যহেতে হাদিয়াগ্রহীতা গৃহীত হাদিয়ার মালকি; তিনি এটাকে যভোবে ইচ্ছা সভোবে কাজে লাগাতে পারনে; যমেন- বক্রি করা, উপহার দওয়া, সদকা করা ইত্যাদি যে কোনভাবে। ইতপূর্বে 70272 নং প্রশ্নোত্তরে এ বিষয়টি আলোচতি হয়েছে।

বরং আলমেগণ উল্লেখ করছেন: যদি কোন গরীব ব্যক্তি ধনীদরে থেকে অনকে ফিতরা পায় এবং সটো তার প্রয়োজন ও তার পোষ্যদেরে প্রয়োজনেরে অতিরিক্ত হয় তাহলে সে ব্যক্তি গৃহীত সসেব ফিতরা থেকে ফিতরা পরশিোধ করবে।

শাইখ বনি বায (রহঃ) কে প্রশ্ন করা হয়েছিল: "যে গরীব লোক মানুষরে ফিতরা গ্রহণ করে তাকে যেটো দওয়া হয়েছে সটো থেকে সে নিজরে ফিতরা পরশিোধ করতে পারবে? নাকি সটো জায়যে হবে না?"

জবাবে তিনি বলেন: হ্যাঁ। সে ফিতরা পরশিোধ করবে। যদি ঈদরে আগে তার কাছে দানটা পৌঁছে তাহলে সে পরশিোধ করবে। আর যদি তার কাছে ঈদরে পরে পৌঁছে তাহলে তার উপর কোন কিছু আবশ্যক নয়; যদি সে এমন গরীব হয় যে, ঈদরে রাতে তার কাছে কোন কিছু না থাকে। তীব্র অভাবরে কারণে তার কাছে এমন এক স্বা খাদ্য নাই যা দিয়ে সে নিজরে ফিতরা আদায় করবে। কিংবা এর চয়ে বশেও নাই যা দিয়ে সে নিজরে ও পরিবাররে সদস্যদেরে ফিতরা আদায় করবে...। সক্ষেত্রে তার উপর কোন কিছু আবশ্যক নয়। কিন্তু সে যদি এতটুকু সচ্ছল হয় যে, সে নিজরে পক্ষ থেকে এক স্বা খাদ্য এবং পরিবাররে সদস্যদেরে পক্ষ থেকে কয়েক স্বা খাদ্য পরশিোধ করতে সক্ষম... তাহলে সে ঈদরে দনি ও রাতরে প্রয়োজনীয় খাদ্য রেখে বাকীটুকু তার নিজরে ফিতরা ও পরিবাররে সদস্যদেরে ফিতরা হিসেবে পরশিোধ করবে।"[ফাতাওয়া নুন্ন আলাদ দারব (১৫/২৯১) থেকে সমাপ্ত]



আল্লাহই সর্বজ্ঞ।